দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 2 APR 1989
পৃষ্ঠা 1 কলাম 5

74

# বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার ব্যাপারে খসড়া আইন প্রস্তুত হইতেছে

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম আগামী দুই হাজার সালের মধ্যে সকলের কাছে শিক্ষার সুযোগ পৌঁছাইয়া দেওয়ার লক্ষ্যে বাস্তবভিত্তিক সুপারিশমালা প্রণয়নের আহ্বান জানাইয়াছেন। তিনি গত-

(২য় পৃ: দ্র:)

## বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা

(১ম পৃ: পর)

কাল (শনিবার) বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড)তে তিনদিনব্যাপী ৯০ দশকে সার্বজনীন প্রাথমিক শিক্ষা শীর্ষক জাতীয় কর্মশিবিরের উদ্বোধনী অধিবেশনে একথা বলেন। ইউনিসেফ ও সিডার সহযোগিতায় শিক্ষা মন্ত্রণালয় এই কর্মশিবিরের আয়োজন করে। শিক্ষা সচিব হেদায়েত আহমেদের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য অধ্যাপক শামসুল হক, প্রেসিডেন্টের সাবেক উপদেষ্টা ও সিরডাপের সাবেক পরিচালক আজিজুল হক, শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব নুরুদ্দীন আল মাসুদ, ইউনিসেফের সিনিয়র প্রোগ্রাম কো-অর্ডিনেডের মিসেস শ্যালী কেলক এবং সিডার প্রথম সচিব মিসেস ইভা বার্গ। সরকারী কর্মকমিশনের চেয়ারম্যান এস এম হোসাইনীও এসময় উপস্থিত ছিলেন।

প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করার জন্য আইন প্রণয়নের বিষয়ে শিক্ষামন্ত্রী বলেন, এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় একটি খসড়া আইন প্রস্তুত করিতেছে। তিনি বিদ্যালয়ে আগত শিশু, বিদ্যালয় বহির্ভূত দুস্থ শিশু এবং বয়স্ক নিরক্ষর জনগণের জন্য একটি সমন্বিত শিক্ষা কর্মসূচী উপস্থাপনে কর্মশালায় উপস্থিত সকলের প্রতি আহ্বান জানান।

দেশের বিভিন্ন স্থান হইতে ৯২ জন শিক্ষাবিদ, শিক্ষানুরাগী ও শিক্ষার সাথে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তা কর্মশালায় অংশগ্রহণ করিতেছেন। পরে মন্ত্রী কুমিল্লা শহরে দুইটি এসএসসি পরীক্ষা কেন্দ্র ও কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করেন। —তথ্য বিবরণী।